

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স - ৮২৯

আগরতলা, ২ জুন ২০১৮

ত্রিপুরা ওয়ার্কিং জার্নালিস্টস এসোসিয়েশনের
সাক্ষাত্কার নিয়ে মুখ্যমন্ত্রীর সচিবালয়ের বক্তব্য

মুখ্যমন্ত্রীর সঙ্গে ত্রিপুরা ওয়ার্কিং জার্নালিস্টস এসোসিয়েশনের প্রতিনিধিদের সাক্ষাত্কারের দিন ধার্য করা হয়েছিল গত ১৬ মে মুখ্যমন্ত্রীর সচিবালয় থেকে। কিন্তু ঐদিন মুখ্যমন্ত্রী সরকারী কাজে রাজ্যের বাইরে থাকার কারণে সমস্ত ধরণের সাক্ষাত্কারসূচি বাতিল করা হয়েছিল এবং সাক্ষাত্প্রাথীদের তা জানানোও হয়েছিল।

মুখ্যমন্ত্রীর সচিবালয় থেকে গত ৩১ মে সন্ধ্যা ৬টায় পুনরায় ওয়ার্কিং জার্নালিস্টস এসোসিয়েশনের প্রতিনিধিদের সাক্ষাত্কারের জন্য সময়সূচি নির্ধারণ করা হয়। সাংবাদিক প্রতিনিধিগণ মুখ্যমন্ত্রীর সঙ্গে সাক্ষাত্কারের জন্য সচিবালয়ে আসেন। কিন্তু ওই সময়ে একটি গুরুত্বপূর্ণ বৈঠক থাকায় মুখ্যমন্ত্রী যথাসময়ে সাংবাদিক প্রতিনিধিদের সাথে সাক্ষাত্কারে মিলিত হতে পারেননি। মুখ্যমন্ত্রীর সচিবালয় থেকে সাংবাদিক প্রতিনিধিদের আপ্যায়ন করা হয় এবং অনুরোধ করা হয় মুখ্যমন্ত্রীর বৈঠক শেষ হওয়া পর্যন্ত অপেক্ষা করার জন্য। কিন্তু সাংবাদিক প্রতিনিধিরা তাদের বিভিন্ন দাবি সম্বলিত চিঠি মুখ্যমন্ত্রীর সচিবালয়ে জমা দিয়ে সচিবালয় ছেড়ে চলে যান। পরবর্তীতে এই বিষয়টি সোশাল মিডিয়া, স্থানীয় পত্রিকা ও ইলেক্ট্রনিক মিডিয়াতে প্রচার পায়।

এই বিষয়ে রাজ্য সরকারের দ্রষ্টি আকৃষ্ট হয়েছে। বর্তমান রাজ্য সরকার রাজ্যের সাংবাদিকদের স্বার্থ সম্পর্কিত বিষয়ে যথেষ্ট সহানুভূতিশীল এবং বিশেষ করে সাক্ষাত্কারের বিষয়ে মুখ্যমন্ত্রীর সচিবালয় সর্বদা সক্রিয়। মুখ্যমন্ত্রীর সচিবালয় থেকে এই বক্তব্য জানানো হয়েছে।
